দৈনিক সংবাদ

তারিখ JAN. 4 1999
পৃষ্ঠা ৮ কলাম ২

190

সংবাদ

সৈয়দপুর

# বিনা মূল্যের পাঠ্যপুস্তক চড়া দামে বিক্রি হচ্ছে

সৈয়দপুর, ৩রা জানুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।– নতুন বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে বিনা মূল্যে পাঠ্য পুস্তক বিতরণ শুরু না হলেও সৈয়দপুর শহরের লাইব্রেরিগুলোতে এসব পুস্তক বিক্রি শুরু হয়েছে। অত্যন্ত সাবধানে ও শর্তসাপেক্ষে এসব পুস্তক বিক্রির ব্যবস্থা করা হয়েছে। অভিযোগ আছে শিক্ষা বিভাগ ও প্রাথমিক বিদ্যালয়ের একশ্রেণীর অসৎ কর্মকর্তা–কর্মচারীর সহায়তায় পুস্তক ব্যবসায়ীরা এই কারবার করছেন।

বিনা মূল্যে বিতরণের জন্য এসব পাঠ্যপুস্তক আজ থেকে বিতরণের কাজ শুরু করার কথা। কিন্তু এর আগেই এসব পুস্তক লাইব্রেরিগুলোতে চলে এসেছে এবং চড়া দামে বিক্রি হচ্ছে। তবে সবাই এসব পুস্তক পাচ্ছে না, লাইব্রেরিতে যেতে হচ্ছে তাদের নিয়োগ করা দালালের মাধ্যমে। সেই সাথে দেয়া হচ্ছে শর্ত, তা হলো কোন্ লাইব্রেরি থেকে কেনা হয়েছে তা প্রকাশ করা যাবে না এবং দরদাম করাও চলবে না।

উল্লেখ্য, পাঠ্য পুস্তকগুলো খোলাবাজারে বিক্রি নিষিদ্ধ এবং বিনামূল্যে বিতরণের জন্য কথাটি মুদ্রিত আছে।

সৈয়দপুরের লাইব্রেরিগুলোতে উল্লিখিত পুস্তকগুলোর মধ্যে প্রথম শ্রেণীর এক সেট পুস্তক ৬০ টাকা, দ্বিতীয় শ্রেণীর ৮০ টাকা, তৃতীয় শ্রেণীর ১শ' টাকা, চতুর্থ শ্রেণীর ১শ' ৩০ টাকা এবং পঞ্চম শ্রেণীর ১শ' ৫০ টাকা দরে বিক্রি হচ্ছে।